

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd


পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.০৬.০০১.২০২৪-৪৩৭

তারিখ: ০৪ আশ্বিন ১৪৩১
১৯ সেপ্টেম্বর ২০২৪

বিষয়: কারাগারে বন্দিদের যথাযথ চিকিৎসা সেবা নিশ্চিতকরণ ও পশ্চিমঘ্যে মৃত্যুর ঘটনা (Broad Dead) প্রতিরোধ প্রসঙ্গে।

কারাগারে সকল বন্দিদের মৌলিক অধিকারসমূহ নিশ্চিত করা আবশ্যিক, যার মধ্যে চিকিৎসা সেবা অন্যতম। সকল কারা হাসপাতালে এক বা একাধিক চিকিৎসক এবং ডিপ্লোমা নার্স/ফার্মাসিস্ট কর্মরত রয়েছেন। চিকিৎসা সেবা প্রদানকারী ব্যক্তিগণের মাধ্যমে নিবিড় তদারকী ও বন্দিদের প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা নিশ্চিত করা প্রয়োজন। গত কয়েক সপ্তাহে বেশকিছু বন্দি অসুস্থতাজনিত কারণে মৃত্যুবরণ করেছেন, যার মধ্যে উল্লেখযোগ্য সংখ্যকের বাহির হাসপাতালে পৌঁছানোর পূর্বেই মৃত্যু (Broad Dead) ঘটেছে, যা উদ্বেগজনক।

২। এমতাবস্থায়, সকল কারাগারে বন্দিদের স্বাস্থ্য সুরক্ষা, অসুস্থ বন্দিদের যথাসময়ে সনাক্তকরণ, চিকিৎসা প্রদান ও প্রয়োজনে দ্রুততম সময়ের মধ্যে উন্নত চিকিৎসার জন্য নিকটস্থ জেনারেল/মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরের মাধ্যমে পশ্চিমঘ্যে মৃত্যুর (Broad Dead) ঘটনা শূন্যের কোটায় নামিয়ে আনার জন্য নির্দেশনা প্রদান করা হলো।



শেখ সুজাউর রহমান

কর্নেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক

পক্ষে-কারা মহাপরিদর্শক


ফোন: ৫৭৩০০২২২ (দপ্তর)

addl.ig@prison.gov.bd

সিনিয়র জেল সুপার/জেল সুপার

সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপি:

১. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ। উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের বিষয়ে তদারকি করতে অনুরোধ করা হলো। 
২. সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা;
৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। পত্রটি কারা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো;
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
৫. গার্ড ফাইল।